

# আমার দেশ

ঢাকা, মঙ্গলবার ● ১৫ জানুয়ারি ২০০৮

২ মাঘ ১৪১৪ ● ৫ মহররম ১৪২৯



গতকাল রাজধানীর ইস্কাটনের বিয়াম ফাউন্ডেশন অডিটরিয়ামে 'কারাবন্দি মাদক ব্যবহারকারীদের মধ্যে এইচআইভি ও মাদক ঝুঁকি হ্রাসকরণ' প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী ও অতিথিবৃন্দ

## কারাগারকে মাদকমুক্ত করা জরুরি : কর্মশালায় অভিমত

স্টাফ রিপোর্টার

কারাগারকে মাদকমুক্ত করা জরুরি। তাই এ ব্যাপারে প্রশিক্ষণপ্রাপ্তদেরকে তাদের লব্ধ জ্ঞান ব্যবহারিক কাজে প্রয়োগ করতে হবে। কিভাবে কারাগারকে মাদকমুক্ত করা যায় সে বিষয়ে কারাকর্তৃপক্ষসহ আইন প্রয়োগকারী সংস্থায় কর্মরত কর্মকর্তাদের সচেতন করার উদ্দেশ্যে গতকাল শুরু হওয়া এক কর্মশালায় বক্তারা এ অভিমত ব্যক্ত করেন। গতকাল রাজধানীর ইস্কাটনের বিয়াম ফাউন্ডেশন অডিটরিয়ামে 'কারাবন্দি মাদক ব্যবহারকারীদের মধ্যে এইচআইভি ও মাদক ঝুঁকি হ্রাসকরণ' বিষয় চারদিনব্যাপী জাতীয় প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করা হয়।

ঢাকা আহছানিয়া মিশন ইউএনওডিসি রসা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের সম্মিলিত উদ্যোগে আয়োজিত কর্মশালায় বক্তারা বলেন, কারাগারকে সংশোধন কেন্দ্র হিসেবে গড়ে তুলতে হবে কারাবন্দিরা শাস্তি শেষে যাতে

দায়িত্ববান নাগরিক হিসেবে সমাজে কাজ করতে পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। ঢাকা আহছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত স্বরাষ্ট্র সচিব ড. শেখ আবদুর রশিদ। অতিথি ছিলেন ইউএনওডিসি রসার কনসালটেন্ট কারাগার বিশেষজ্ঞ ড. জয়দেব সারঙ্গী ও ইউএনওডিসির বাংলাদেশের উপদেষ্টা ড. মোজাম্মেল হক। এছাড়াও স্বাগত বক্তব্য রাখেন ঢাকা আহছানিয়া মিশনের কর্মসূচি বিভাগের পরিচালক সফিকুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠান শেষে 'পিয়ার গাইড'-এর মোড়ক উন্মোচন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি অতিরিক্ত স্বরাষ্ট্র সচিব ড. শেখ আবদুর রশিদ। প্রশিক্ষণ কর্মশালায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারা অধিদফতর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর ও পুলিশের ২২ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন। প্রশিক্ষণ কর্মশালাটি ১৭ জানুয়ারি শেষ হবে।